

বিষয়: অস্থায়ী অগ্রিম প্রদান প্রসঙ্গে।

২২১। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

২২২। ঢাকা ওয়াসার প্রশাসন বিভাগ-১ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। অত্র বিভাগের মাধ্যমে ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের নিয়োগ, বদলী, পদোন্নতিসহ পেনশন সেলের জরুরী কাজ সম্পাদন করা হয়। এসকল কার্যক্রমের জন্য প্রশাসন বিভাগ-১ এর আওতায় বিভিন্ন সময় জরুরী সভা আহ্বান করতে হয়। এসকল সভায় আপ্যায়নের জন্য পর্যাপ্ত ক্রোকারিজ সামগ্রী অত্র বিভাগে সংরক্ষিত নেই। সে লক্ষ্যে প্রশাসন বিভাগ-১ এর জন্য ক্রোকারিজ সামগ্রী (কাপ-পিরিচ, মগ) ক্রয় করা প্রয়োজন। স্থানীয় বাজার দর বিবেচনা করে কোটেশন সংগ্রহ করা হয়েছে (সংযুক্ত), যা নিম্নরূপ:

ক্রম নং	বিবরণ	পরিমাণ	প্রতিষ্ঠানের নাম ও দর		
			Monno & Shinepukur	Akij Ceramics	Sheltech Ceramic
১।	মগ	৫০টি	(৫০x৪৫০) ২২৫০০/-	(৫০x৫০০) ২৫০০০/-	(৫০x৫০০) ২৭৫০০/-
২।	কাপ-পিরিচ	২৪ সেট	(২৪x৬০০) ১৪৪০০/-	(২৪x৬২০) ১৪৪৮০/-	(২৪x৬৫০) ১৫৬০০/-
৩।	লোগো প্রিন্টিং চার্জ	৭৪ টি	১২০০০/-	১২০০০/-	১০০০০/-
	সর্বমোট=		৪৮,৯০০/-	৫১,৪৮০/-	৫৩,১০০/-

বিধি মোতাবেক তিনটি প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হলো। উল্লেখিত তিনটি প্রতিষ্ঠানের মধ্যে হতে Monno & Shinepukur সর্বনিম্ন দরদাতা হওয়ায় উক্ত প্রতিষ্ঠান হতে ৪৮,৯০০/- (আটচল্লিশ হাজার নয়শত) টাকার মালামাল সংগ্রহ করা যেতে পারে।

২২৩। ঢাকা ওয়াসার সকল বিভাগ/জোন/দপ্তরের আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োজিত করার কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে আউটসোর্সিং সেবাক্রয়ের নিমিত্তে ৫টি প্যাকেজ উন্মুক্ত করা হয়েছে। উক্ত প্যাকেজসমূহ মূল্যায়নের জন্য ঠিকাদার কর্তৃক দাখিলকৃত জনবলের বায়োডাটার বিস্তারিত তথ্যাবলী এন্ট্রি করতে হয়। এতে দেখা যায় ৫টি প্যাকেজে প্রায় ৩,৬০০ (কম/বেশি) বায়োডাটার বিস্তারিত এন্ট্রি করতে হবে, যা সম্পাদনের জন্য ৬ জন কর্মচারীকে অফিস সময়ের পরেও রাত ৮/৯ টা পর্যন্ত ডাটা এন্ট্রির কাজটি সম্পাদন করতে হবে। সেজন্য আলোচ্য কাজটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মচারীদের মানবিক দিক বিবেচনা করে তাঁদের সম্মানী হিসেবে মোট (৩৬০০x৫) = ১৮,০০০/- টাকা প্রদান করা যেতে পারে।

২২৪। অনুচ্ছেদ-২২২ ও ২২৩ এর বর্ণনানুযায়ী নিম্নোক্ত প্রস্তাব পেশ করা যায়:

- ক) প্রশাসন বিভাগ-১ এর জন্য ক্রোকারিজ সামগ্রী ক্রয় ও লোগো প্রিন্টিং চার্জ বাবদ ৪৮,৯০০/- টাকা অনুমোদন দেয়া যেতে পারে;
- খ) আউটসোর্সিং বিভিন্ন প্যাকেজে ডাটা এন্ট্রি কাজে নিয়োজিত কর্মচারীদের সম্মানী বাবদ ১৮,০০০/- টাকা প্রদান করা যেতে পারে।

২২৫। এমতাবস্থায়, অনুচ্ছেদ-২২৪ এর প্রস্তাবমতে আলোচ্য কাজের জন্য সর্বমোট (৪৮৯০০+১৮০০০) = ৬৬,৯০০/- (ছষটি হাজার নয়শত) টাকার অস্থায়ী অগ্রিম উপ-সচিব প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে প্রদান করা যেতে পারে, যা সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য খরচের অনুমোদন ব্যবস্থাপনা পরিচালক এর আওতাধীন।

২২/১২/২৫

সহকারী সচিব
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মো: মাহাবুবুল হক
সচিব
ঢাকা ওয়াসা।

মোঃ আলমগীর হোসেন
উপসচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ ইউনুস রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা।

MD(MR Admin)

মো. আব্দুস সোবহান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।